JAN. 0 - 2001

দৈনিক ইনকিলাব

তারিখ ...
পৃষ্ঠা ৪ কলাম ১

# শিক্ষা প্রতিষ্ঠানে ইসলামী ব্যাংকের অনুদান

**প্রেস বিজ্ঞপ্তি :** ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড-এর সহযোগী প্রতিষ্ঠান ইসলামী ব্যাংক ফাউন্ডেশন গত বুধবার ইসলামী ব্যাংক টাওয়ারস্থ ব্যাংকের বোর্ডরুমে এক অনাড়ম্বর অনুষ্ঠানে দেশের বিভিন্ন স্থানে অবস্থিত ৮টি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য অনুদান হিসেবে কম্পিউটার ও প্রিন্টারসহ আনুষঙ্গিক সামগ্রী প্রদান করেছে।

ব্যাংকের এক্সিকিউটিভ কমিটির চেয়ারম্যান জনাব মোহাম্মদ ইউনুছ শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিদের নিকট কম্পিউটার হস্তান্তর করেন। ব্যাংকের এক্সিকিউটিভ প্রেসিডেন্ট (ভারপ্রাপ্ত) জনাব আবদুর রকীব, শরীয়াহ্ কাউন্সিলের সহকারী সদস্য-সচিব প্রিন্সিপাল মুহাম্মদ ছেরাজুল ইসলাম, ডেপুটি এক্সিকিউটিভ প্রেসিডেন্ট জনাব নাসিরউদ্দিন আহমেদ, এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট জনাব মোঃ বেলায়েত হোসেন, জনাব তাজুল ইসলাম, জনাব মোঃ নূরুল আমীন ও সচিব একেএম হাবিবুর রহমান এসময় উপস্থিত ছিলেন।